



করোনাভাইরাস সংশ্লিষ্ট বৈষম্য নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইনের আওতাধীন

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন

আপনি যদি ধারণা করেন যে আপনার সম্প্রদায়, জাতীয়তা বা দৈহিক-মানসিক অক্ষমতা এবং COVID-19 নামে পরিচিত নভেল করোনাভাইরাসের মধ্যে অনুমান ভিত্তিক কোন সম্পূর্ণতার কারণে আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা হচ্ছে, তাহলে আপনি নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগে (New York State Division of Human Rights) অভিযোগ দায়ের করতে পারবেন।

নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার আইন (Human Rights Law, HRL) ব্যক্তিগত বৈশিষ্টের ভিত্তিতে করা যেমন সম্প্রদায়, জাতীয়তা এবং দৈহিক-মানসিক অক্ষমতাসহ বিভিন্ন ধরনের বৈষম্য থেকে জনগণকে সুরক্ষা প্রদান করে থাকে। HRL এই সকল বৈশিষ্ট্যের ভিত্তিতে করোনাভাইরাস সংক্রমণে সম্ভাব্য আক্রান্ত ব্যক্তিদের বিরুদ্ধে বৈষম্য নিষিদ্ধ করে।

এই সুরক্ষাগুলোর মধ্যে কর্মসংস্থান, আবাসন, শিক্ষা এবং জনসাধারণের বাসস্থানের ব্যবস্থা রয়েছে।

করোনাভাইরাস সংশ্লিষ্ট বৈষম্য বিষয়ে উদ্বিগ্ন নিউ ইয়র্কবাসীদের জন্য:

- আপনার জাতীয়তার উৎস, সম্প্রদায় বা দৈহিক-মানসিক অক্ষমতা করোনাভাইরাসের সম্ভাব্য সংক্রমণ উল্লেখ করে এমন ধারণার ভিত্তিতে সর্বসাধারণের জন্য প্রকাশ্য স্থানগুলো যেমন হোটেল, রেস্তোরাঁ, পরিবহন পরিষেবা এবং খুচরা দোকানগুলি আপনার প্রবেশাধিকার অথবা পণ্য বা পরিষেবা প্রত্যাখ্যান করতে পারবে না।
- আপনি শুধুমাত্র আপনার সম্প্রদায়, জাতীয়তার উৎস বা দৈহিক-মানসিক অক্ষমতার কারণে করোনাভাইরাস সংক্রমণে উল্লেখ হয়ে থাকতে পারেন এমন ধারণার উপর ভিত্তি করে আপনার নিয়োগকর্তা আপনাকে বরখাস্ত করতে, বাড়িতে পাঠাতে বা আপনাকে কাজে আসতে নিষেধ করতে পারবে না।

সম্প্রদায়, জাতীয়তার উৎস বা দৈহিক-মানসিক অক্ষমতার কারণে করোনাভাইরাস সংক্রমণে উল্লেখ হয়ে থাকতে পারে এমন ধারণার উপর ভিত্তি করে কোনও কর্মচারীকে ছাটাই করা বা তাদের কাজ থেকে বিরত রাখা বেআইনী বৈষম্যমূলক আচরণ।

- যদি আপনার নিয়োগকারী আপনাকে এমন ভিত্তিতে ছাটাই করে বা বাড়িতে প্রেরণ করে যা পরবর্তীতে বৈষম্যমূলক নীতি হিসাবে চিহ্নিত হয়, তবে প্রদেয় বেতন না দেওয়ার জন্য আপনার নিয়োগকারী দায়ী হতে পারেন।

- আপনি যদি সতর্কতা অবলম্বনের জন্য ফেস মাস্ক পরে থাকেন, তবুও আপনি বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষিত থাকবেন।

HRL সম্প্রদায়, জাতীয়তা বা দৈহিক-মানসিক অক্ষমতা এবং করোনাভাইরাস সংক্রমণের অনুমান ভিত্তিক কোন সম্পূর্ণতার কারণে সংঘটিত বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধ করে। ফেস মাস্ক পরিধান করলেও এই বিষয়টি অপরিবর্তিত থাকে।

- আপনি করোনাভাইরাস দ্বারা আক্রান্ত হয়েছেন মনে করে কেহ যদি আপনাকে হয়রানী বা হুমকি প্রদান করে, তবে 911-এ ফোন করুন এবং আইন প্রয়োগকারীর সাথে যোগাযোগ করে অনতিবিলম্বে এই ঘটনার বিবরণ দিন।

সম্প্রদায় ও জাতীয়তার উৎসের ভিত্তিতে হুমকি এবং হয়রানী ঘৃণ্য অপরাধ হিসাবে বিবেচিত হতে পারে। এই বিষয়ে নিউ ইয়র্ক স্টেট হেট ক্রাইমস টাস্ক ফোর্স (New York State Hate Crimes Task Force) -এর দৃষ্টি আকর্ষণ করতে 1-888-392-3644 নাম্বারে ফোন করুন।

বৈষম্য সংশ্লিষ্ট অতিরিক্ত তথ্যের জন্য:

আপনি যদি মনে করেন যে আপনার বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে, অথবা মানবাধিকার আইন (Human Rights Law) সম্পর্কে আপনার কোনও প্রশ্ন থাকে তবে নিউ ইয়র্ক স্টেট মানবাধিকার বিভাগের ওয়েবসাইট WWW.DHR.NY.GOV দেখুন অথবা 1-888-392-3644 নাম্বারে ফোন করুন।

নভেল করোনাভাইরাস সংশ্লিষ্ট অতিরিক্ত তথ্যের জন্য:

নভেল করোনাভাইরাস সম্পর্কিত ভুল তথ্য ও ভীতি মোকাবেলার জন্য নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য অধিদপ্তর (New York State Department of Health) কর্তৃক একটি হটলাইন স্থাপন করা হয়েছে যেটার নাম্বার 1-888-364-3065। আরও তথ্যের জন্য ওয়েবসাইট WWW.NY.GOV/CORONAVIRUS দেখুন।